



## উন্নত জীবনের লক্ষ্যে সময়ের সংব্যাবহার!

- ১. প্রথম কাজটি প্রথমে করুন:** আপনার জীবনের অগ্রাধিকারগুলি (Priorities) বের করুন। এক ঘণ্টা ব্যয় করার মূল্য কি? কোন কাজটি প্রথমে করতে হবে? কাজটি কি 'করতেই হবে', না 'করলে ভাল'?
- ২. গুরুত্বপূর্ণ কাজগুলোর জন্য ধারাবাহিকভাবে সময় বরাদ্দ করুন:** আপনি যতক্ষণ না কমিউনিটির কাজ, বা অধ্যয়ন, বা পিতামাতা, স্ত্রী বা সন্তানদের সাথে সময় দান ইত্যাদি কাজের জন্য দৈনিক ভিত্তিতে পরিকল্পনা এবং সময় নির্ধারণ না করবেন ততক্ষণ কাজগুলো আপনার কাছে যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হয় না; সম্ভাবনা আছে আপনি শেষ পর্যন্ত এই উচ্চ অগ্রাধিকার কাজগুলিকে অবহেলা করতে শুরু করবেন।
- ৩. প্রতিদিনের পাঁচটি নামাজকে সামনে রেখে গুরুত্বপূর্ণ কাজগুলোর পরিকল্পনা করুন:** এ ব্যাপারে কোন আপোষ নাই। এটি শুধুমাত্র আপনার শৃঙ্খলার বিকাশ ঘটাবে না বরং একটি উদ্দেশ্যপূর্ণ জীবন যাপন করার জন্য আপনার ইচ্ছাশক্তিও গড়ে তুলবে।
- ৪. বার্ষিক আপনার জীবনের উল্লেখযোগ্য ঘটনাগুলির জন্য পরিকল্পনা করুন:** বিয়ে, বিশ্ববিদ্যালয়ের জন্য আবেদন করা, হজে যাওয়া, যাকাত দেওয়া,

কনফারেন্সে যোগ দেওয়া, কোনও সামাজিক অনুষ্ঠানের আয়োজন করা ইত্যাদি কাজের জন্য পরিকল্পনা করুন যাতে অন্যান্য তুচ্ছ বিষয়গুলি আপনাকে আপনার লক্ষ্য থেকে বিভ্রান্ত না করে।

**৫. সকালে উঠার অভ্যাস করুন:** আপনার গুরুত্বপূর্ণ কাজ বিশেষ করে যে সব কাজের জন্য মানসিক প্রস্তুতি প্রয়োজন সে সব কাজ দিনের প্রথম দিকে করুন, এবং দেখবেন আল্লাহর কাছ থেকে বারাকা কি ভাবে যাদুর মতো কাজ করছে।

**৬. অন্যের সময়ের গুরুত্ব দিন:** মিটিং, ক্লাস বা কোন অনুষ্ঠানে শুরুর সময়ের ১০ মিনিট আগে প্রস্তুত থাকার অভ্যাস তৈরি করুন। আপনার যদি দেরী হবার সম্ভাবনা থাকে তবে অন্যান্যদেরকে জানিয়ে রাখুন। অন্যের সময়কে সম্মান করা আপনার প্রতিশ্রুতি পূরণের অংশ। একটি প্রতিশ্রুতি ভঙ্গ করা শুধুমাত্র অন্যদের অসুবিধার কারণ নয় বরং তা তাদের কাছে আপনার সম্মান হারাবার সম্ভাবনা আছে।

**৭. কাজটি এখনই করে ফেলুন!** ভালো করার কোনো সুযোগ নষ্ট করবেন না। আপনার জীবনের কাজগুলো 'সঠিক' ভাবে করার জন্য 'বৃদ্ধ হওয়ার' অপেক্ষা করবেন না। আপনি যদি এখন একটি উদ্দেশ্যপূর্ণ ও উত্পাদনশীল (productive) জীবন যাপন করতে ইচ্ছুক না হন, তাহলে আপনি কীভাবে আশা করবেন যে আল্লাহ আপনাকে ভবিষ্যতে আবার আরও একটি সুযোগ দিবেন?

**৮. আশাবাদী হন:** জীবনের ব্যর্থতা এবং হতাশাগুলিকে আপনাকে আপনার উচ্চ লক্ষ্য থেকে বিভ্রান্ত হতে দেবেন না। সাময়িক বাস্তবতার বাইরে তাকান এবং গুরুত্বপূর্ণ ভবিষ্যতের জন্য পরিকল্পনা করুন। অন্যথায়, আপনি এখন অথবা ভবিষ্যতেও ক্ষতিগ্রস্ত হতে পারেন।

**৯. আপনার কাছে যতই কম সময় থাকুক না কেন, আপনি একটি ইতিবাচক উত্তরাধিকারের কথা ভাবুন যা আপনি রেখে যেতে চান:** আপনার জীবনে এবং অন্যদের জীবনে একটি ইতিবাচক পরিবর্তন আনতে আজই আপনার উদ্দেশ্য তৈরি করুন। আপনি যদি আগামীকাল মারা যান, তাহলে আপনার সেই উদ্দেশ্য সকলের কাছে একটি 'মিশনারী জীবনের জন্য পরিকল্পনা' হিসাবে গণনা করা হবে। কিন্তু এটি ঘটবে না যদি আপনি একটি দৃঢ় উদ্দেশ্য এবং পরিকল্পনা বিকাশের জন্য আজ থেকে কাজ শুরু না করেন।

সূত্র: "[9 Things You Can Do To Revive the Prophet's Time-Management Sunnah](#)" - Taha Ghayyur